# বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিইউ/রেজি/নিয়োগ বিজ্ঞপ্তি/১০২/২০১২/১৩৫১৬ তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ / ১৭এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ দপ্তরের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদ ও বিভাগ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | **সহযোগী অধ্যাপক: ০১টি স্থায়ী পদ**<br>গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>অর্থনীতি বিভাগ- (০১টি) | (ক) সহযোগী অধ্যাপক পদে আবেদনের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বছরের শিক্ষকতা/ গবেষণারঅভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>(খ) এমফিল অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৮(আট) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>(গ) পিএইচডি অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>(ঘ) শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। |
| ২ | **সহকারী অধ্যাপক: ০১টি স্থায়ী পদ**<br>গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>সমাজকর্ম বিভাগ-(০১টি) | সহকারী অধ্যাপক পদে আবেদনকারী প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ অথবা জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে।সংশ্লিষ্ট বিষয়ে (সমাজকর্ম/ সমাজকল্যান)স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোনো একটিতে ১ম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল-৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর স্বীকৃত জার্নাল বা বইয়ে অন্তত ১টি প্রকাশনা থাকতে হবে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | **প্রভাষক: ১৪টি স্থায়ী পদ**<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>আইন বিভাগ(০২টি), ইংরেজি বিভাগ (০২টি), বাংলা বিভাগ (০১টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ (সিএসই ১ টি এবং গণিত ১টি), পদার্থবিজ্ঞান বিভাগ (০২টি), ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ (০১টি), অর্থনীতি বিভাগ (০১টি), লোক প্রশাসন বিভাগ-(০১টি), সমাজকর্ম বিভাগ(০২টি) | (ক) প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বে পাসের ক্ষেত্রে প্রথম বিভাগ থাকতে হবে। জিপিএ পদ্ধতি প্রবর্তনের পরে পাসের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে (স্ব স্ব বিষয়ে) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোনো একটিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল ৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।<br>(খ) একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগে আবেদনকারীদের ক্ষেত্রে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) অথবা গণিত বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল-৪.০০) থাকতে হবে। |
| ৪ | **নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ১টি স্থায়ী পদ**<br>আইসিটি সেল<br>গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫ | (ক) সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বা সমমানের বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমান ডিগ্রি।<br>(খ) শিক্ষা জীবনের কোন পরীক্ষাতেই ২য় শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য নয়।<br>(গ) সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠান অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (গ্রেড-৯) বা তদূর্ধ্ব পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই Network Design, Network Protocol, Fiber Optics Communications, Switching and Routing, Firewall, Data Center, Linux/Windows Server Ges Network Securityতে দক্ষ হতে হবে।<br>(ঙ) Cisco/CCNA/Linuxসার্টিফিকেশন/কোর্স সম্পন্ন করা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৫ | **সহকারী রেজিস্ট্রার: ১টি স্থায়ী পদ**<br>রেজিস্ট্রারের কার্যালয়<br>গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল-২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও বাংলা উভয় ভাষায় পারদর্শীতা এবং কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেটে ব্রাউজিং ইত্যাদি কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসেবে প্রশাসনিক কাজে কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৬ | **কম্পিউটার অপারেটর: ১টি স্থায়ী পদ**<br>গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল-২০১৫ | প্রার্থীকে অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাসসহ কম্পিউটারে ডিপ্লোমা পাস/ কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষভাবে পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/সমমানের জিপিএথাকতে হবে। |
| ৭ | **অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট:**<br>১ টি স্থায়ী পদ, সমাজকর্ম বিভাগ<br>গ্রেড -১৬, জাতীয় বেতন স্কেল- ২০১৫ | প্রার্থীকে অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। কম্পিউটার অপারেশন কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত এবং প্রার্থীর কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ ২.৫ থাকতে হবে। |
| ৮ | **অফিস সহায়ক: ১ টি স্থায়ী পদ**<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>সমাজকর্ম বিভাগ- ১ টি | প্রার্থীকে কোনো অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ/ সিজিপিএ ২.০ থাকতে হবে। |

**শর্তাবলী**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল এর ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহ ও পূরণ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড-৪ ভুক্ত পদের জন্য ১১ (এগার) সেট, গ্রেড-৫ থেকে গ্রেড-৯ ভুক্ত পদের জন্য ০৮(আট) সেট এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ ভুক্ত পদের জন্য ০৩ সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবরদাখিলকরতে হবে। আবেদনের সময়সীমা:১৬/০৫/২০২৩ খ্রিস্টাব্দ। |
| (খ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদের ছায়ালিপি; (২) মূল আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে ১ কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| (ঘ) | ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| (ঙ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে তথ্য দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণ করা হবে না। |
| (চ) | আবেদনপত্রের সাথে ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে ৪র্থ থেকে ৯ম গ্রেডের জন্য ৬০০/- টাকা, ১১তম গ্রেডের জন্য ৩০০/- টাকা ১৬তম গ্রেডের জন্য ২০০/- টাকা, ২০তম গ্রেডের জন্য ১০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। |
| (ছ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম ও বিভাগ প্রেরিত আবেদনপত্রের খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। |
| (জ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। |
| (ঝ) | গ্রেড-৭ থেকে গ্রেড-৪ভুক্ত পদসমূহ ব্যতীত সকল পদে আবেদনকারীর বয়সসীমা ১৬/০৫/২০২৩ তারিখ পর্যন্ত সর্বাধিক ৩০ বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের জন্য এই শর্ত শিথিলযোগ্য। |
| (ঞ) | অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীগণ অভ্যন্তরীণ প্রার্থী হিসেবে গণ্য হবে এবং ৫ও ৬ নং ক্রমিকের পদের জন্য তাদের বয়সসীমার শর্ত শিথিল থাকবে। উক্ত প্রকল্পে চাকুরির অভিজ্ঞতা এই বিজ্ঞাপনে প্রদত্ত অভিজ্ঞতারশর্ত পূরণ করবে। |

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

স্বা/-

**সুপ্রভাত হালদার**

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বরিশাল বিশ্ববিদ্যালয়।